



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিচালকের কার্যালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বরিশাল অঞ্চল, বরিশাল
Email: dirdshebarisal@gmail.com



স্মারক নং: মাউশি/বরি/২০২৬/২৫৬

Web: www.dshe.dirbarishal.gov.bd

তারিখ: ০১.০৯.২০২৬
১৭ ভাদ্র ১৪৩৩

অফিস আদেশ

শিক্ষা মন্ত্রণালয়ের ২৬.০৭.২০২৬ তারিখের স্মারক নং ৩৭.০০.০০০০.০৯০.১৪.০০১.২০২৫-২৭৫ পত্রের আলোকে বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারভুক্ত সহকারী অধ্যাপক/প্রভাষক পর্যায়ের কর্মকর্তাদের অঞ্চল ভিত্তিক বদলি/পদায়ন কার্যক্রম সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অঞ্চল কে নির্দেশনা প্রদান করা হয়েছে। এ লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বরিশাল অঞ্চল, বরিশাল এর সরকারি কলেজে কর্মরত বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারের সহকারী অধ্যাপক/প্রভাষক পদের বদলির আত্মহী কর্মকর্তাদের (২০১৮ বিধিতে জাতীয়করণকৃত ও মডেল স্কুল এন্ড কলেজ ব্যতীত) নির্ধারিত শর্তাবলী পূরণ সাপেক্ষে সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ মহোদয়ের সুপারিশসহ পূর্ণাঙ্গ তথ্য উল্লেখপূর্বক আবেদন আগামী ২০.০৯.২০২৬ তারিখ পর্যন্ত পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বরিশাল অঞ্চল বরাবর প্রেরণ করতে পারবেন। উল্লেখ্য, অসম্পূর্ণ ও ত্রুটিযুক্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।


শর্তাবলীঃ

- ০১। প্রার্থীর আবেদন ও সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ মহোদয়ের অগ্রায়ণপত্র।
- ০২। সরকারি চাকুরীতে প্রথম যোগদানের মন্ত্রণালয়ের আদেশের কপি।
- ০৩। হালনাগাদ পিডিএস।
- ০৪। স্বামী/স্ত্রী কর্মস্থলের ঠিকানা (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ০৫। সর্বশেষ প্রতিষ্ঠানে যোগদানের কপি (আর্টিকেল ৪৭)
- ০৬। আবেদনকারী বিরুদ্ধে কোন বিভাগীয়/ফৌজদারি মামলা নেই মর্মে সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ মহোদয়ের প্রত্যয়ন।

অধ্যক্ষ

সকল সরকারি কলেজ, বরিশাল অঞ্চল, বরিশাল।

(২০১৮ বিধিতে জাতীয়করণকৃত ও মডেল স্কুল এন্ড কলেজ ব্যতীত)।

 ০১.০৯.২৬

(প্রফেসর মোঃ জাকির হোসেন-১৩০২৭)

সভাপতি

সহকারী অধ্যাপক ও প্রভাষক পদে বদলি/পদায়ন বিষয়ক

আঞ্চলিক কমিটি, বরিশাল অঞ্চল ও

পরিচালক


মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বরিশাল অঞ্চল, বরিশাল

তারিখ: ০১.০৯.২০২৬

স্মারক নং: মাউশি/বরি/২০২৬/২৫৬

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
- ০৩। পরিচালক (কলেজ ও প্রশাসন) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
- ০৪। কলেজ পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা শিক্ষা বোর্ড, বরিশাল।
- ০৫। উপ-পরিচালক (কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বরিশাল অঞ্চল, বরিশাল।
- ০৬। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল।
- ০৭। অফিস নথি।

 ০১.০৯.২০২৬
(ড. মোঃ শামীম আহসান-০১৬৫৬৮)

সদস্য সচিব

সহকারী অধ্যাপক ও প্রভাষক পদে বদলি/পদায়ন বিষয়ক

আঞ্চলিক কমিটি, বরিশাল অঞ্চল ও

সহকারী পরিচালক (কলেজ)

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বরিশাল অঞ্চল, বরিশাল